Rape Law Reform Coalition-RLRC। ধর্ষণ আইন সংস্কার জোট

তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

### খাগড়াছড়িতে অষ্টম শ্রেণির আদিবাসী কিশোরীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনার সুষ্ঠু তদন্ত, দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ পদক্ষেপ গ্রহণ এবং ভুক্তভোগীর সার্বিক নিরাপত্তা নিশ্চিত ও যথাযথ ক্ষতিপূরণ প্রদানের জোরালো দাবি জানাচ্ছে ধর্ষণ আইন সংস্কার জোট[1]

গত ২৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখ খাগড়াছড়িতে আদিবাসী অষ্টম শ্রেণির ছাত্রীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ জানাচ্ছে ধর্ষণ আইন সংস্কার জোট। এ ঘটনার দ্রুত, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্ত এবং দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ পদক্ষেপ গ্রহণের জোরালো দাবি জানাচ্ছে এ জোট। পাশাপাশি, ভুক্তভোগী কিশোরী ও তার পরিবারের সার্বিক নিরাপত্তা নিশ্চিত ও যথাযথ ক্ষতিপূরণ প্রদানের আবেদন জানাচ্ছে এ জোট।একইসাথে, এ ধরণের সহিংসতার ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিশেষ আবেদন জানাচ্ছে এ জোট।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন হতে জানা যায় যে, গত মঙ্গলবার ২৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখ আনুমানিক রাত ৯ ঘটিকায় সদর উপজেলার সিঙ্গিনালা এলাকায় প্রাইভেট পড়ে বাড়ি ফেরার পথে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত মারমা কিশোরী দলবদ্ধ ধর্ষণের শিকার হয়। উক্ত প্রতিবেদনে আরো উল্লেখ করা হয় যে, প্রতিদিনের মতো ঘটনার দিনও ভুক্তভোগী কিশোরীটির প্রাইভেট পড়া শেষে রাত ৯টার মধ্যে বাড়ি ফেরার কথা থাকলেও; নির্ধারিত সময়ের মধ্যে বাড়ি না ফেরায় কিশোরীর বাবা শিক্ষকের বাসায় গিয়ে জানতে পারেন যে, সেদিনও নির্ধারিত সময়েই শিক্ষার্থীদের ছুটি দেয়া হয়েছে। এরপর স্থানীয়দের সাহায্যে কিশোরীর বাবা আশপাশে খোঁজাখুঁজি শুরু করলে; রাত আনুমানিক প্রায় ১১টার দিকে একটি ফসলের ক্ষেতে অচেতন অবস্থায় মেয়েকে খুঁজে পায়। পরবর্তীতে, ভুক্তভোগীকে উদ্ধার করে জেলা সদর হাসপাতালে ভর্তি করা হয়। ভুক্তভোগী এখনও চিকিৎসাধীন অবস্থায় আছেন। ভুক্তভোগী কিশোরীর বাবা অজ্ঞাতপরিচয়ের তিনজনকে আসামি করে মামলা করেছেন। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে একজনকে আটক করা হয়েছে। অন্যদের আটকের চেষ্টা চলছে।

উল্লেখ্য যে, বাংলাদেশে বিদ্যমান আইন যথাক্রমে ১৮৬০ সালের দন্ডবিধির ৩৭৬ ধারা এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধিত অধ্যাদেশ ২০২৫) এর ৯(১) ধারা অনুসারে ধর্ষণ একটি শাস্তিযোগ্য অপরাধ। একইসাথে, নারীর প্রতি এ ধরণের সহিংসতার ঘটনা সংবিধানের অনুছছেদ ২৭ (আইনের দৃষ্টিতে সমতা), ৩১ (আইনের আশ্রয়-লাভের অধিকার), অনুচ্ছেদ ৩২ (জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার-রক্ষণ) সমূহ এবং নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ (CEDAW) এর সাথে সম্পূর্ণ সাংঘর্ষিক।

**আরো তথ্য জানতে দেখুন –**

---

[1] আরো তথ্য জানতে দেখুন –

Web: https://blast.org.bd/campaigns/rape-law-reform-now/

Facebook:https://www.facebook.com/rapelawreformcoalition

Email: rlrcoalition@gmail.com

ধর্ষণ আইন সংস্কার জোট ১৭টি সংগঠন এর সমন্বয়ে গঠিত এ জোটের মধ্যে রয়েছে আইন ও সালিশ কেন্দ্র, আইসিডিডিআর,বি, উইক্যান, উইমেন ফর উইমেন, একশন এইড বাংলাদেশ, এসিড সার্ভাইভারস ফাউন্ডেশন, ইয়াং উইমেন্স খ্রিষ্টিয়ান এসোসিয়েশন-ওয়াইডাব্লিউসিএ, কেয়ার বাংলাদেশ, জাস্টিস ফর অল নাও, উইমেন উইথ ডিজ্যাবিলিটিজ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন - ডাব্লিউডিডিএফ, নারীপক্ষ, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি, ব্র্যাক, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি, বাংলাদেশ মহিলা পরিষদ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (সচিবালয়), মানুষের জন্য ফাউন্ডেশন।

## Rape Law Reform Coalition-RLRC। ধর্ষণ আইন সংস্কার জোট

**Web:** https://blast.org.bd/campaigns/rape-law-reform-now/
**Facebook:** https://www.facebook.com/rapelawreformcoalition
**Email:** rlrcoalition@gmail.com

**প্রয়োজনে যোগাযোগ করুন**

ধর্ষণ আইন সংস্কার জোট এর সচিবালয়ের পক্ষে
কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
ই-মেইল: communication@blast.org.bd

ধর্ষণ আইন সংস্কার জোট ১৭টি সংগঠন এর সমন্বয়ে গঠিত এ জোটের মধ্যে রয়েছে আইন ও সালিশ কেন্দ্র, আইসিডিডিআর,বি, উইক্যান, উইমেন ফর উইমেন, একশন এইড বাংলাদেশ, এসিড সার্ভাইভারস ফাউন্ডেশন, ইয়াং উইমেন্স খ্রিষ্টিয়ান এসোসিয়েশন-ওয়াইডাব্লিউসিএ, কেয়ার বাংলাদেশ, জাস্টিস ফর অল নাও, উইমেন উইথ ডিজ্যাবিলিটিজ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন - ডাব্লিউডিডিএফ, নারীপক্ষ, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি, ব্র্যাক, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি, বাংলাদেশ মহিলা পরিষদ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (সচিবালয়), মানুষের জন্য ফাউন্ডেশন।